

প্রাথমিক শিক্ষার মান বাড়ানোর তাগিদ ইউনিসেফের

নিজস্ব প্রতিবেদক >

বাংলাদেশের প্রাথমিক শিক্ষার উন্নয়নে কুলঙ্কলোয় শিক্ষার্থী অর্তি ও উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি শিক্ষার গুণগত মান বাড়ানোর তাগিদ দিয়েছে ইউনিসেফ। গতকাল রবিবার জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে এক বৈঠকে এ তাগিদ দেন বাংলাদেশে নিযুক্ত ইউনিসেফের কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ এডভোয়ার্ড বেইগুবেডার। তিনি বিষয়টির দিকে স্থানীয় এমপিদের নজরদারি বাড়ানোর পরামর্শ দেন।

জাতীয় সংসদ ভবনে স্পিকারের কার্যালয়ে অনুষ্ঠিত ওই বৈঠকে আরো উপস্থিত ছিলেন ডেপুটি স্পিকার মো. ফজলে রাব্বী নিয়্য ও ইউনিসেফের ডেপুটি রিপ্রেজেন্টেটিভ লুইস ডনো।

ড. শিরীন শারমিন পুষ্টি চাহিদা পূরণের ক্ষেত্রে বাংলাদেশের সমস্যা তা ডলে ধরে বলেন, বাংলাদেশে মাতৃ ও শিশু মৃত্যু হার হ্রাস পেয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় শিশু ও মাতৃ পুষ্টি নিয়ে কাজ করছে।